তারিখ ... 4. AUG. 2017..
পৃষ্ঠা ...৩... কলাম.... ৫ ......

কালের কণ্ঠ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার সুযোগ বহালের সুপারিশ

**নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ও বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ▷**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) পুনরায় দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ বহালের জন্য ভর্তি পরীক্ষার মূল কমিটিকে সুপারিশ করেছে উপকমিটি। গতকাল বৃহস্পতিবার সকাল ১১টায় উপাচার্য অধ্যাপক ড. এম আব্দুস সোবহানের সভাপতিত্বে ভর্তি পরীক্ষা উপকমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এখন পরীক্ষার মূল কমিটি সুপারিশ অনুমোদন করলে চলতি বছর এইচএসসি পাস করা শিক্ষার্থীদের সঙ্গে ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবে ২০১৬ সালে পাস করা শিক্ষার্থীরা।

এ ব্যাপারে উপাচার্য অধ্যাপক ড. মো. আব্দুস সোবহান বলেন, '২০১৬ সালের আগে একজন শিক্ষার্থী দুইবার রাবিতে ভর্তি পরীক্ষা দেওয়ার সুযোগ পেত। গত প্রশাসন নিয়মটি পরিবর্তন করে। যা সম্পূর্ণ অযৌক্তিক সিদ্ধান্ত ছিল। তাই তাদের আরো একবার ভর্তি পরীক্ষা দেওয়ার সুযোগ রেখে সুপারিশ করা হয়েছে।'

আগামী ১০ সেপ্টেম্বর অনলাইনে বিশ্ববিদ্যালয়ের ভর্তি আবেদন শুরু হবে। চলবে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত। চলতি ভর্তি যোগ্যতাও কিছু বাড়ানো হয়েছে। আগামী ২২-২৬ অক্টোবর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।